



বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন
প্লট#ই-৫/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শের-ই-
বাংলা নগর, ঢাকা-১২০৭
সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ
www.btrc.gov.bd



নম্বর: ১৪.৩২.০০০০.০০০.৬০০.৪৩.০০০৫.২১.১১৫৫

তারিখ: ২১ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
০৫ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: A2P SMS সেবা প্রদানকারী (এগ্রিগেটর) প্রতিষ্ঠান হিসেবে বিদ্যমান তালিকাভুক্তি সনদ বাতিলকরণ সংক্রান্ত।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, A2P SMS এগ্রিগেটর অভ্যন্তরীণ (Domestic) তালিকাভুক্তি ও পরিষেবা নির্দেশিকা অনুযায়ী নির্ধারিত সময়সীমার মধ্যে অপারেশনাল কার্যক্রম শুরু না করা, সনদ নবায়নের জন্য নির্ধারিত সময়ে আবেদন দাখিল না করা এবং সনদ নবায়নে অনাগ্রহ প্রকাশ করার পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত ০৭ (সাত) টি প্রতিষ্ঠানের অনুকূলে ইস্যুকৃত A2P SMS সেবা প্রদানকারী (এগ্রিগেটর) হিসেবে প্রদত্ত তালিকাভুক্তি সনদ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বাতিল করা হলো:

ক্রম	প্রতিষ্ঠানসমূহের নাম	তালিকাভুক্তি নং
১	সাইক ইনস্টিটিউট অব ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি (SAIC)	BTRC-A2P-22-139
২	ডেটাফ্লুয়েন্ট অ্যানালাইটিক্স লিমিটেড (Data Fluent Analytices)	BTRC-A2P-22-141
৩	বিএমআইটি সলিউশনস লিমিটেড (BMIT)	BTRC-A2P-22-142
৪	যাত্রী সার্ভিস লিমিটেড (Jatri Service)	BTRC-A2P-23-145
৫	রেডিসন (Radisson) ডিজিটাল টেকনোলজিস লিমিটেড	BTRC-A2P-23-147
৬	নেক্সট আইটি কনসালটেন্টস (Next IT Consultants)	BTRC-A2P-23-149
৭	স্মার্ট থিংক (Smart Think)	BTRC-A2P-23-150

০২। উল্লেখ্য যে, এ আদেশের মাধ্যমে বাতিলকৃত তালিকাভুক্তি সনদের অধীনে পরবর্তীতে পরিচালিত যেকোনো কার্যক্রম অবৈধ বলে গণ্য হবে এবং তা বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন এর প্রাসঙ্গিক বিধান অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হবে। এছাড়াও, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহকে বাতিলকৃত তালিকাভুক্তি সনদের মূল কপি বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশনে জমা প্রদান এবং কমিশনের নিকট বিদ্যমান সমুদয় বকেয়া পাওনা (যদি থাকে) এ আদেশ জারির তারিখ হতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পরিশোধ করার জন্য নির্দেশ প্রদান করা হলো। ভবিষ্যতে নিরীক্ষা আপত্তি বা চূড়ান্ত হিসাব-নিকাশের ফলে কমিশনের অনুকূলে কোনো অতিরিক্ত পাওনা উদ্ভূত হলে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ উক্ত পাওনা পরিশোধ করতে বাধ্য থাকবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

০৫-০৮-২০২৬
তৌহিদুর নাহার
উপ পরিচালক

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। মহাপরিচালক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (বিজ্ঞপ্তিটি কমিশনের ওয়েবসাইট এর নোটিশ বোর্ডে প্রকাশের অনুরোধসহ)।
- ২। পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (প্রতিষ্ঠানসমূহের নিকট পাওনা (যদি থাকে) আদায়ের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৩। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), এনফোর্সমেন্ট এন্ড ইন্সপেকশন, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন।
- ৪। ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা, মোবাইল ফোন অপারেটর (সকল) (প্রতিষ্ঠানসমূহের অনুকূলে ইতঃপূর্বে বরাদ্দ দকৃত সকল ধরনের SMS ব্রডকাস্ট SIM সংযোগ বিচ্ছিন্নের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। ব্যবস্থাপনা পরিচালক/CFO/প্রোগ্রামার IPTSP ও PSTN অপারেটর (সকল) (প্রতিষ্ঠানসমূহের সংযোগ বিচ্ছিন্নের লক্ষ্যে)

৬। ব্যবস্থাপনা পরিচালক/CEO, Infozillion Teletech BD Ltd., 12th floor, Hosaf High Tower, 9 Mohakhali C/A, Dhaka 1212 (প্রতিষ্ঠানসমূহের অপারেশনাল কার্যক্রম বন্ধের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

৭। চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৮। ব্যক্তিগত কর্মকর্তা, ভাইস চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৯। ব্যক্তিগত কর্মকর্তা, সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ, বাংলাদেশ টেলিযোগাযোগ রেগুলেটরি কমিশন (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।

